গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই ২০১৯ – ৩০ জুন ২০২০

## সূচিপত্র

উপক্রমণিকা.......................................................................................................................................৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র..........................................................................................................................৪

সেকশন-১ রূপকল্প,অভিলক্ষ্য,কৌশলগত উদ্দেশ্যসমূহ,কার্যাবলি ......................................................................৫

কশন-২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ............................................................................৬-৯

সংযোজনী-১ শব্দ সংক্ষেপ (Acronyms) .........................................................................................১০

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি..........................................................১১

সংযোজনী-৩ কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/ সংস্থার নিকট সুনির্দিষ্ট চাহিদা ..........................১২

# উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে ২০১৯ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সিলেট বিভাগীয় কার্যালয় এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Divisional Office, Sylhet)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

কৃষক গ্রুপ গঠন, কৃষক প্রশিক্ষণ, বাজার তথ্য সংগ্রহ ও প্রচার, বাজার অবকাঠামো ও কৃষিপণ্যের মূল্য সংযোজন সুবিধা সৃষ্টি, ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষিপণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সিলেট বিভাগে বিগত ৩ বছরে ৬৩০টি নতুন লাইসেন্স ইস্যু করা হয়েছে এবং ২২.৭০ লক্ষ টাকা নন-ট্যাক্স রেভিনিউ আদায় হয়েছে। বিভাগের অন্তর্গত ৪টি জেলায় ডিজিটাল ডিসপ্লে বোর্ডসহ মোট ৫টি মূল্য তালিকা বোর্ড স্থাপন করা হয়েছে যা নিয়মিত হালনাগাদ করা হয়। জেলা পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন মেলার মোট ১৪ (চৌদ্দ)টি তে অংশগ্রহণ করা হয়েছে। কৃষকদের সহজ বাজার প্রবেশাধিকার নিশ্চিত করার লক্ষ্যে ৪টি এসেম্বল সেন্টারের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ১টি অফিস কাম প্রসেসিং ও ট্রেনিং সেন্টার নির্মান কাজ চলমান রয়েছে। কৃষকদের কারবারী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১২৪টি কৃষক গ্রুপ গঠনসহ প্রায় ১৬৫ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে; বিভিন্ন কর্মশালায় কৃষক, কৃষি ব্যবসায়ী, উদ্যোক্তা এবং সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাদের অংশগ্রহণের মাধ্যমে ১৮০ জন কৃষকের বাজার সংযোগ স্থাপন করা হয়েছে। ফসল কর্তনোত্তর ব্যবস্থাপনায় মূল্য সংযোজনের ক্ষেত্রে এবং কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তি নিশ্চিত লক্ষ্যে সিলেট বিভাগে মোট ৩০টি জিরো এনার্জি কুল চেম্বার প্রস্তুত করা হয়েছে। সিলেট বিভাগে অবস্থিত হাট ও বাজারের হালনাগাদ মার্কেট ডিরেক্টরির কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

কৃষক ও কৃষি ব্যবসায়ীদের শিক্ষা ও প্রশিক্ষণের অভাব, কৃষিপণ্য উৎপাদন, গবেষণা ও বিপণন সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে পর্যাপ্ত সমন্বয়ের অভাব, কৃষি বিপণন অধিদপ্তর-এর উপজেলা পর্যায়ে কোন জনবল না থাকা এবং পর্যাপ্ত ও দক্ষ জনবলের অভাবে ফরোয়ার্ড ও ব্যাকয়ার্ড লিংকেজ স্থাপনসহ বিবিধ কার্যক্রম ব্যহত হচ্ছে। মাঠ পর্যায়ে কর্মকর্তাগণের আধুনিক বাজার ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে। একই সাথে আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার ব্যবস্থাপনার অভাব রয়েছে। মধ্যস্বত্বভোগীদের দৌরাত্বের কারনে কৃষকের ন্যায্যমূল্য প্রাপ্তিতে সমস্যা এবং প্রধান কার্যালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা বলবৎ করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর্যুক্ত আইনী ক্ষমতার অভাব পরিলক্ষিত হয়েছে। কৃষি বিপণন আইন,২০১৮ মোবাইল কোর্ট আইন,২০০৯-এর তপশিলভূক্ত না হওয়াই মোবাইল কোর্ট পরিচালনায় জেলা প্রশাসনের অনীহা লক্ষণীয় যা নন-ট্যাক্স রেভিনিউ আদায়ে হুমকিস্বরূপ। মোড়কীকরণ, মূল্য সংযোজন এবং কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণে কৃষকের অসচেতনতা ও প্রযুক্তির অভাব রয়েছে। ব্যবসায়ীদের মধ্যে কৃষিপণ্যের ব্যবসায়ের প্রতি উদাসীনতা পরিলক্ষিত হচ্ছে এবং অনেকেই কৃষি ব্যবসা পরিহার করে অন্যত্র মনোনিবেশ করছেন বিধায় নতুন লাইসেন্স ইস্যু ও পুরাতন লাইসেন্স নবায়ন কার্যক্রম বিঘ্নিত হচ্ছে।

### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

কৃষির বাণিজ্যিকীকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্যের রপ্তানীতে সহায়তা প্রদান। মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ব লাঘবের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কৃষি বিপণন আইন,২০১৮ বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ । কৃষিপণ্য উৎপাদন ও ব্যবসায় নিয়োজিত কৃষক, কৃষি ব্যবসায়ী, প্রক্রিয়াজাতকারী, রপ্তানিকারক ও ব্যবসায়ী সমিতিসমূহের সহিত নিবিড় সংযোগ স্থাপনের মাধ্যমে কৃষিপণ্যের আধুনিক বিপণন ব্যবস্থা সম্প্রসারণ । এবং এলক্ষ্যে কৃষি ও প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্য বিপণনে ব্র্যান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন, কৃষিপণ্য উৎপাদন এলাকায় কৃষকের অবিক্রিত পণ্য রাখার জন্য স্বল্পখরচে কুল চেম্বার নির্মান ইত্যাদি সুবিধা প্রদান। লাইসেন্স তথা রাজস্বের পরিমান বৃদ্ধির লক্ষ্যে নতুন প্রজ্ঞাপিত বাজারের অন্তর্ভুক্তি এবং অচলপ্রায় প্রজ্ঞাপিত বাজারের বিলুপ্তি।

## ২০১৯-২০২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণের জন্য ৬২০টি বুলেটিন এবং ২৪০টি প্রতিবেদন প্রকাশ করা;
- বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫) এর যথাযথ বাস্তবায়নের মাধ্যমে ২৬৫টি নতুন লাইসেন্স ইস্যু এবং ১০০% লাইসেন্স নবায়ন করে ৮.৩০ লক্ষ টাকা নন-ট্যাক্স রাজস্ব আদায় পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান এবং ৮টি বাজার উপদেষ্টা কমিটির সভা আহ্বান করা; এবং ৫৬টি কৃষক বিপণন দল গঠন।
- কৃষকের উপযুক্ত মূল্য প্রাপ্তিতে সহায়তা প্রদানের লক্ষ্যে ৫৬টি কৃষক বিপণন দল গঠন, ৮০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান এবং ৫২ জন কৃষককে বাজার সংযোগের সুবিধা প্রদান করা;
- কৃষি উদ্যোক্তাদের কৃষি ব্যবসায় বিনিয়োগ করতে উৎসাহিত করার লক্ষ্যে ৬৮ জন কৃষি প্রক্রিয়াজাতকারীকে প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান, ৫২ জন কৃষি উদ্যোক্তাকে বাজার সংযোগের সুবিধা প্রদান, এবং ৫২ জন কৃষি প্রক্রিয়াজাতকারীকে প্রশিক্ষণ প্রদান করা।

# সেকশন -১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objective) এবং কার্যাবলী (Function):

## ১.১ রূপকল্প :

উৎপাদক বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন এবং কৃষি ব্যবসা উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে অবদান রাখা ।

## ১.২ অভিলক্ষ্য :

আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্য :

১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যঃ

১. কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণন ব্যবস্থার উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহঃ

১.দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন;

## ১.৪ কার্যাবলী :

১) কৃষি পণ্যের বাজার তথ্য, মার্কেট রেগুলেশন, গবেষণা ও বাজার সম্প্রসারণ;

২) কৃষিভিত্তিক শিল্প ও ব্যবসার উন্নয়ন, উৎসাহ প্রদান, প্রসার এবং চুক্তিভিত্তিক বিপণন ব্যস্থার কার্যপদ্ধতি উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

৩) গুরুত্বপুর্ন কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পুর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারনে সহায়তা প্রদান;

৪) কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরনপুর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) সুষ্ঠু বিপণনের স্বার্থে কৃষিপণ্য উৎপাদন এলাকায় বাজার অবকাঠামো, গুদাম, হিমাগার, কুল চেম্বার ইত্যাদি নির্মাণ ও ব্যবস্থাপনা জোরদারকরণ ;

৬) কৃষক ও কৃষিপণ্যের বাজার সংযোগ সৃষ্টি ও সুষ্ঠু সরবরাহের প্রয়োজনীয় সহায়তা প্রদান;

৭) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান;

৮) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি বিপণন ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্ধুদ্ধ করা;

৯) বিক্রয়ের উদ্দেশ্যে সুপার শপে সংরক্ষিত কৃষিপণ্যের গুনগতমান, নির্ধারিত মূল্য ও বিপণনকার্যক্রম পরিদর্শন, পরিবীক্ষণ ও সংশ্লিষ্ট ব্যক্তিকে পরামর্শ প্রদান ।

<u>সেকশন-২</u>

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৯-২০২০ (Target/Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ * | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **ক) কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১। কৃষিপণ্যের সরবরাহ , প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা | ৮০ | ১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (১৫) | ১.১.১ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ০৮ | ২৭৩ | ৪৬৭ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ | ৫২০ | ৬০০ | ৬০০ |
| | | | ১.১.২ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ০৭ | ১০৮ | ১৮০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ২০০ | ২৪০ | ২৪০ |
| | | ১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (৩৫) | ১.২.১ ইস্যুকৃত নতুন লাইসেন্স | সংখ্যা | ০৭ | ১৩৬ | ১৭৫ | ২৬৫ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | | |
| | | | ১.২.২ নবায়নকৃত লাইসেন্সের হার (বিদ্যমান) | % | ০৭ | ৪১.২৭ | ৩২.৬৫ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | ১.২.৩ আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | সংখ্যা | ০৭ | ০২ | ০৫ | ০৮ | ৭ | ৬ | -- | -- | ০৮ | ০৮ |
| | | | ১.২.৪ জমাকৃত নন-ট্যাক্স রাজস্ব | লক্ষ টাকা | ০৭ | ৫.৮০৫ | ৫.৬৯৮ | ৮.৩০ | ৮.১৫ | ৮.০৫ | ৭.৯৫ | ৭.৮৫ | ৮.৩৫ | ৮.৪০ |
| | | | ১.২.৫ গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ০৭ | ৩৬ | ৩৬ | ৫৬ | ৫২ | ৫০ | ৪৮ | ৪৬ | ৬০ | ৬৫ |
| | | ১.৩ উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান (১৫) | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক ও কৃষি ব্যবসায়ী | সংখ্যা | ১০ | ৪৫ | ৫৭ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫৫ | ৯০ | ১০০ |
| | | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৫ | ৩৭ | ৩৬ | ৫২ | ৪৮ | ৪৪ | ৪০ | ৩৬ | ৬০ | ৬৫ |
| | | ১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা (১৫) | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরী সহায়তা প্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৫ | ৪২ | ৫৭ | ৬৮ | ৬৪ | ৬০ | ৫৬ | ৫২ | ৭৫ | ৮০ |
| | | | ১.৪.২ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষিব্যবসার উদ্যোক্তা | সংখ্যা | ০৫ | ৩৬ | ৩৬ | ৫২ | ৪৮ | ৪৪ | ৪০ | ৩৬ | ৫৬ | ৬০ |
| | | | ১.৪.৩ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৩ | ৩৬ | ৩৬ | ৫২ | ৪৮ | ৪৪ | ৪০ | ৩৬ | ৫৬ | ৬০ |
| | | | ১.৪.৪ প্রসেসিং টেকনোলজি সেক্টরে সুবিধাপ্রাপ্ত কৃষি পণ্য প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০২ | - | - | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৯০ | ১০০ |

* সাময়িক

খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম – ১ | কলাম – ২ | কলাম – ৩ | কলাম – ৪ | | কলাম- ৫ | কলাম – ৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান: ২০১৯-২০২০ (Target Value: 2019-20) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতিমানের নিম্নে (poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ৬ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | [১.১.১] সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ আয়োজিত | জন ঘন্টা | ০.৫ | ৬০ | - | - | - | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [১.১.৩] ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | তারিখ | ০.৫ | ২৪ জুলাই, ২০১৯ | ২৯ জুলাই, ২০১৯ | ৩০ জুলাই, ২০১৯ | ৩১ জুলাই, ২০১৯ | ০১ আগষ্ট, ২০১৯ |
| | | | [১.১.৪] ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখি | তারিখ | ০.৫ | ১৩ জানুয়ারি, ২০২০ | ১৬ জানুয়ারি, ২০২০ | ১৭ জানুয়ারি, ২০২০ | ২০ জানুয়ারি, ২০২০ | ২১ জানুয়ারি, ২০২০ |
| | | [১.২] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন | [১.২.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৩.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | - |
| | | | [১.৩.২] অভিযোগ নিষ্পত্তিসংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকৃত | % | ১ | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | - |
| | | | [১.৪.২] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসে দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | [১.৪.৩] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০২০ | ০৭ ফেব্রুয়ারি, ২০২০ | ১৭ ফেব্রুয়ারি, ২০২০ | ২৮ ফেব্রুয়ারি, ২০২০ |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১] ই-ফাইলিং পদ্দতি বাস্তবায়ন | [২.১.১] সকল শাখায় ই-নথি ব্যবহার | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | | [২.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | [২.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.২] উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [২.২.১] নুন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ১১মার্চ, ২০২০ | ১৮মার্চ, ২০২০ | ২৫মার্চ, ২০২০ | ১ এপ্রিল, ২০২০ | ৮ এপ্রিল, ২০২০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [২.৩.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | [২.৩.২] ছুটি নগদায়ন পত্র জারীকৃত | % | ১.০ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [২.৪.১] অফিসের সকল তথ্য হালনাগাদকৃত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [৩.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১৬ আগষ্ট, ২০১৯ | ১৬ আগষ্ট, ২০১৯ | ২৪ আগষ্ট, ২০১৯ | ২৮ আগষ্ট, ২০১৯ | ৩০ আগষ্ট, ২০১৯ |
| | | | [৩.১.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | [৩.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | ০৩ ফেব্রুয়ারি, ২০২০ | ১১ ফেব্রুয়ারি, ২০২০ | ১৮ ফেব্রুয়ারি, ২০২০ | ২৫ ফেব্রুয়ারি, ২০২০ | ০৪ মার্চ, ২০২০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ব্রডসীট জবাব প্রেরীত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.৪] ইন্টারনেট বিলসহ ইউটিলিটি বিল পরিশোধ | [৩.৪.১] বিসিসি/বিটিসিএল-এর ইন্টারনেট বিল পরিশোধিত | % | ১.০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.২] টেলিফোন বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | | [৩.৪.৩] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |

আমি, উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর উপ পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপ পরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট

তারিখ ২০.০৬.২০২১

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর

তারিখ ২০/৬/২০২১

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ০১। | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ০২। | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ০৩। | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ০৪। | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ০৫। | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ০৬। | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ০৭। | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ০৮। | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ।

| ক্রঃ নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১.১ | কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | ১.১.১ প্রকাশিত বুলেটিন | বিভাগীয় অফিস কর্তৃক দৈনিক বাজারদর (২০×১২=২৪০টি), দৈনিক চালের বাজারদর (২০×১২=২৪০টি), চালের সাপ্তাহিক মূল্য পরিস্থিতি প্রতিবেদন (৪×১২=৪৮টি), সাপ্তাহিক বাজারদর (৪×১২=৪৮টি), স্টোরেজ/বাজার তদারকি/মুল্য হ্রাস-বৃদ্ধি/যৌক্তিক মূল্য সংক্রান্ত প্রতিবেদন ১২টি, ও মাসিক বাজারদর পর্যালোচনা ১২টি, মোট ৬০০টি প্রকাশ করা। | সংশ্লিষ্ট বিভাগীয় অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত বুলেটিন এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| | | ১.১.২ প্রকাশিত প্রতিবেদন | জেলা অফিস কর্তৃক মাসিক ভিত্তিতে প্রতাশিত মূল্য পরিস্থিতি প্রতিবেদন (১২×৪=৪৮টি), বীজের সরবরাহ ও মূল্য পরিস্থিতি প্রতিবেদন (১২×৪=৪৮টি), কৃষকপ্রাপ্ত বাজারদর (২৪×৪=৯৬টি), এবং উৎপাদন খরচ ও মূল্য বিস্তার প্রতিবেদন (১২×৪=৪৮টি), মোট ২৪০টি প্রকাশ করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রকাশিত প্রতিবেদন এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| ১.২ | বাজার উন্নয়নে সহায়তা প্রদান | ১.২.১ ইস্যুকৃত নতুন লাইসেন্স | বাজার নিয়ন্ত্রণ আইনের অধীনে নতুন লাইসেন্স ইস্যু করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | ইস্যুকৃত নতুন লাইসেন্স সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| | | ১.২.২ নবায়নকৃত লাইসেন্সের হার (বিদ্যমান) | বাজার নিয়ন্ত্রন আইনের অধীনে বিদ্যমান লাইসেন্স নবায়ন করা। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বিদ্যমান লাইসেন্স নবায়নের হার এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| | | ১.২.৩ আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | বাজার নিয়ন্ত্রন আইনের আলোকে সংশ্লিষ্ট জেলায় বাজার উপদেষ্টা কমিটির সভা আহবান। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | অনুষ্ঠিত সভার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | - |
| | | ১.২.৪ জমাকৃত নন-ট্যাক্স রাজস্ব | ইস্যুকৃত নতুন লাইসেন্স ও নবায়নকৃত চলমান লাইসেন্সের ফি বাবদ আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব সরকারী কোষাগারে জমাদান। | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সরকারী কোষাগারে জমাকৃত নন-ট্যাক্স রাজস্বের পরিমান এবং বিভাগ কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন | - |
| | | ১.২.৫ গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা (১৪×৪=৫৬টি) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন । | - |
| ১.৩ | উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | ১.৩.১ প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয় (২০×৪=৮০ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রতিবেদন। | - |
| | | ১.৩.২ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষক | জেলা অফিস কর্তৃক কৃষকদের বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (১৩×০৪=৫২ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষকের সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| ১.৪ | কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | ১.৪.১ প্রযুক্তি ও কারিগরী সহায়তা প্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী | জেলা অফিস কর্তৃক কৃষি প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তাকে প্রযুক্তি ও কারিগরী বিষয়ে সহায়তা প্রদান (১৭×০৪=৬৮জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | সহায়তা প্রাপ্ত প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| | | ১.৪.২ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি উদ্যোক্তা | জেলা অফিস কর্তৃক কৃষি ব্যবসায় উদ্যোক্তাকে বাজার সংযোগ স্থাপনে সহায়তা প্রদান (১৩×০৪=৫২ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত উদ্যোক্তার সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |
| | | ১.৪.৩ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী | কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রক্রিয়াজাতকারীগনকে প্রশিক্ষণ প্রদান করা (১৩×০৪=৫২ জন) | সংশ্লিষ্ট বিভাগীয় ও জেলা অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | প্রশিক্ষন গ্রহনকারী কৃষি প্রক্রিয়াজাতকারীর সংখ্যা এবং বিভাগ কর্তৃক প্রকাশিত প্রতিবেদন। | - |

সংযোজনী ৩:

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) | বিপণন ব্যবস্থার উন্নয়নে প্রশিক্ষন ও দলগঠন | প্রশিক্ষিত কৃষক ও কৃষি ব্যবসায়ী | কৃষক প্রশিক্ষন ও বিপণন দল গঠনে সহায়তা প্রদান | কৃষি বিপণন অধিদপ্তরের উপজেলা পর্যায়ে জনবল কাঠামো না থাকায় সূচকদ্বয় বাস্তবায়নে ডিএই এর সহায়তার প্রয়োজন | কৃষক প্রশিক্ষন ও বিপণন দল গঠন কার্যক্রম ব্যাহত হবে |
| | | গঠিত কৃষক বিপণন দল | | | |
| স্থানীয় প্রশাসন | | ইস্যুকৃত লাইসেন্স | লাইসেন্স ইস্যুকরনে সহায়তা প্রদান | লাইসেন্স কার্যক্রম অব্যাহত রাখতে মোবাইল কোর্ট পরিচালনা করা | রাজস্ব আয় হ্রাস পাবে |
| | | আহবানকৃত বাজার উপদেষ্টা কমিটির সভা | জেলা প্রশাসক এর সভাপতিত্বে বাজার উপদেষ্টা কমিটির সভা আহ্বান | জেলা প্রশাসক বাজার উপদেষ্টা কমিটির সভাপতি | জেলা তথা সমগ্র দেশের কৃষিপণ্যের বাজার পরিস্থিতির উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হবে |